মেহেরপুর গাংনীতে নদীতে নিখোঁজ তামিমের মরদেহ উদ্ধার

অবশেষে মেহেরপুরের গাংনীর পীরতলা মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে নিখোঁজ তামিম হোসেনের (১০) মরদেহ উদ্ধার করেছে ফায়ার সার্ভিসের ডুবুরী দল।

সোমবার বিকাল ৪ টায় উপজেলার মাথাভাঙ্গা নদীর উপর নির্মানাধীন বেতবাড়িয়া-মধুখালি ব্রীজের কাছ থেকে তার লাশ উদ্ধার করা হয়।

বামুন্দী ফায়ার সার্ভিস স্টেশনের ভারপ্রাপত কর্মকর্তা ইছাহাক আলী জানান,ফায়ার সার্ভিসের ডুবুরী দল দীর্ঘ প্রায় ১০ ঘন্টার সন্ধান করার পর মাথাভাঙ্গা নদীর উপর নির্মানাধীন বেতবাড়িয়া-মধুখালি ব্রীজের কাছ থেকে তামিমের মরদেহ উদ্ধার করা হয়।

ডুবুরী দলের প্রধান ডিএডি মো: শরিফুল ইসলাম জানান, নদীতে পানি বেশি ও স্রোত থাকার কারনে তামিমের মরদেহ ঘটনাস্থল থেকে অন্তত ৫ কিলোমিটার দুরে ভেসে যায়।

তার মরদেহ নির্মানাধীন একটি ব্রীজের কাছে আটকিয়ে যাওয়ার কারনে লাশ বেশি দুরে যেতে পারেনি। তামিমের মরদেহ তার স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

উল্লেখ্য: রবিবার দুপুর ২ টায় উপজেলার কাজীপুর ইউনিয়নের পীরতলা গ্রামের মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে পানিতে ডুবে নিখোঁজ হয় তামিম।

নিখোঁজ তামিম হোসেন কাজিপুর বুড়িপুতা এলাকার কাবের হোসেনের ছেলে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ময়দানের প্রাচীর সহ আশেপাশে গরু ছাগলের মলে দুর্গন্ধ সহ নোংরা সৃষ্টি হবে। তাই আমরা উপজেলা প্রসাশন বরাবর একটি অভিযোগ দায়ের করেছিলাম তার পরিপ্রেক্ষিতে আজ তদন্ত করে গেছেন।

এ বিষয়ে খামারের মালিক ধনী উল্লাহ বলেন, বেশি গরু পালনের সিদ্ধান্ত নেই। কোন রকম খামার টি কষ্ট করে দাঁড় করাচ্ছি। পরে আমার জমির এরিয়ায় উচা করে ঘিরে নিলে কোন রকমই দুর্গন্ধ ছড়াবে না।

তার জমির নিজস্ব কোন পথ আছে কি জিজ্ঞেস করলে বলেন নেই। তবে জানান খেলার মাঠের উপর দিয়েই আমরা বর্তমানে চলাচল করছি।

জনতার হাতে ধরা পড়লো ছাগল চোর

রবিবার দুপুর ২টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া গ্রাম থেকে অটোতে করে ছাগল চুরি করে নিয়ে পালানোর সময় ভাটপাড়া গ্রামের কয়েকজন যুবক মোটর বাইক নিয়ে তাড়া করলে আলী আজগর মেম্বারের বাড়ির পাশ থেকে অটোসহ ৩ জনকে আটক করে ভাটপাড়া প্রাইমারি স্কুলে আটকে রাখে স্থানীয় জনতা।

বিভিন্ন সূত্রে জানা যায় মেহেরপুর সদর উপজেলার কলাইডাঙ্গা গ্রামের রুবেল(২২),সবুজ(২২),রকি(২২) ছাগল চুরি করে পালালে আটক করে ভাটপাড়া গ্রামের কিছু যুবক।

উল্লেখ্য ৮ জুলাই কলাইডাঙ্গা গ্রামের শ্রাবনদের ৩টি ছাগল চুরি হয়, এছারাও বারাদী অঞ্চলের অনেক ছাগল চুরি হয়েছে।

গাংনীর মাথাভাঙ্গা নদীতে স্কুল ছাত্র নিখোঁজ

মেহেরপুরের গাংনীর পীরতলা সংলগ্ন মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে নিখোঁজ হয়েছে স্কুল ছাত্র তামিম(১২)। রোববার দুপুরে সে খেলার সাথীদের নিয়ে গোসল করতে গেলে নিখোঁজ হয়। তামিমকে উদ্ধারে খুলনার ডুবুরীদলকে তলব করা হয়েছে।

তামিম গাংনীর কাজীপুর গ্রামের কাবের আলীর ছেলে ও স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণির ছাত্র।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, তামিম তার নানা বাড়ি পীরতলা গ্রামে বেড়াতে আসে। রোববার দুপুরে সাথীদের সাথে নদীতে গোসল করতে গিয়ে নিখোঁজ হয়।

পরিবারের লোকজন জানতে পেরে ফায়ার সার্ভিসে খবর দিলে একটি টিম ঘটনাস্থলে গিয়ে উদ্ধার তৎপরতা চালিয়ে ব্যর্থ হয়। পরে খুলনার ডুবুরী দলকে তলব করা হয়েছে।

গাংনীর সাহারবাটি ওয়ার্ড আওয়ামী লীগের উদ্যোগে শাহাদাত বার্ষিকী পালন

মেহেরপুরের গাংনী উপজেলা সাহারবাটি ওয়ার্ড আওয়ামী লীগের উদ্যোগে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার রুপকার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকী পালন করা হয়েছে।

শনিবার সন্ধ্যায় সাহারবাটি চারচারা বাজারে সাহারবাটি ওয়ার্ড আওয়ামী লীগ দোয়া মাহফিল, আলোচনা সভা ও কাঙ্গালি ভোজ বিতরণ করেন।

ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আতাউর রহমান খানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক।

বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদ মোরশেদ অতুল, থানা আওয়ামী লীগের ত্রাণ বিষয়ক সম্পাদক আব্দুল গফুর, ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ওমর আলী, কৃষকলীগের ওয়ার্ড কমিটির সাধারণ সম্পাদক নুরুল ইসলাম।

ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক দারুল ইসলাম এর সার্বিক সহযোগিতায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন তাওহীদুর রহমান মুক্তি,দানেছূর রহমান সহ স্থানীয় আওয়ামী লীগের নেতা কর্মীবৃন্দ।

আলোচনা সভা দোয়া মোনাজাত ও শিশু কিশোর সহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মধ্যে কাঙ্গালি ভোজ বিতরণ করা হয়।

মুজিব বর্ষ উপলক্ষে আশা এনজিওর বৃক্ষ রোপন কর্মসূচী

গাংনীর গাড়াবাড়ীয়া তে মুজিব বর্ষ উপলক্ষে আশা এনজিওর পক্ষ থেকে বৃক্ষ রোপন করা হয়।

বৃক্ষ রোপন কর্মসূচি সূচি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

আরো উপস্থিত ছিলেন আশা এনজিওর কাথুলী শাখার বি এম ম্যানেজার মোঃ জামাল হোসেন বিশ্বাস, হাফিজুল ইসলাম,জয়নাল আবেদিন জিনারুল ইসলাম সহ আরো অনেকে।

বৃক্ষ রোপন কর্মসূচি অনুস্ঠানে বক্তব্য মিজানুর রহমান রানা জানান, প্রাকৃতিক পরিবেশ ঠিক রাখতে ও আবহাওয়া ঠিক রাখতে বৃক্ষ রোপন অতিব গুরুত্বপূর্ণ তাই আমরা সকলে যে যার স্থান থেকে বাড়ির আঙিনায় থেকে শুরু করে সকল স্থানে বৃক্ষ রোপন করবেন।

ম্যানেজার জামাল উদ্দিন বিশ্বাস জানান, মুজিব বর্ষ উপলক্ষে আশা

এনজিওর পক্ষ থেকে সারা বাংলাদেশে আজকে একই সাথে বৃক্ষ রোপন কর্মসূচি চলছে সেই সুবাদে আজকের এই আয়োজন। তবে আমরা বেশি বেশি বৃক্ষ রোপন করবো পরিবেশ ঠিক রাখবো।

গাংনীতে বিভিন্ন কর্মসুচীর মধ্যে দিয়ে জাতীয় শোক দিবস পালন

বিভিন্ন কর্মসুচীর মধ্য দিয়ে গাংনী উপজেলায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রজমানের ৪৫ তম শাহাদত বার্ষিকি উদযাপন করা হয়েছে।

এ উপলক্ষে শনিবার সকাল ৮ টার দিকে উপজেলা আওয়ামীলীগ ও অঙ্গসংগঠনের আয়োজনে বাসস্ট্যান্ডের রেজাউল চত্বরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ শেষে একটি শোক র্যালী রেজাউল চত্বর থেকে গাংনী অডিটরিয়ামে এসে শেষ হয়।

অডিটরিয়ামে সংক্ষিপ্ত আলোচনা সভা ও বিশেষ মোনাজাত করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা। এ সময় উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাষ্টার, বামুন্দি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাসসহ উপজেলা ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অপরদিকে, গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সকার ৯ টার দিকে গাংনী মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা আর এম সেলিম শাহনেওয়াজ এঁর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম, এ খালেক।

এ সময় সাবেক সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন,

সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমান, উপজেলা কৃষি কর্মকর্তা কে এম সাহাবুদ্দিন, ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুর রহমান, গাংনী পল্লী বিদ্যুতের ডিজিএম নিরাপদ দাস, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী প্রমুখ।

অন্যদিকে গাংনী পৌর আওয়ামীলীগের উদ্যোগে গাংনী পৌর আওয়ামীলীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু ও সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবর নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, জাতীয় ও শোক পতাকা উত্তোলন,দোয়া মোনাজাত,আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলার বিভিন্ন এনজিও অফিস,ক্লাব,ব্যাবসা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলনের পাশাপাশি শোকদিবসের পতাকা উত্তোলন করা হয়েছে।

গাংনীতে করোনায় আক্রান্ত হয়ে শিক্ষানবীশ আইনজীবীর মৃত্যু

করোনাভাইরাসের সাথে যুদ্ধ করে জীবন যুদ্ধে হার মনলেন গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের শিক্ষানবীশ আইনজীবী আবুল কালাম আজাদ । করোনাভাইরাসে আক্রান্ত হয়ে বেশ কিছুদিন মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছিলেন তিনি।

আজ শনিবার ভোরে ঢাকার একটি হাসপাতালের আইসিইউতে শেষ নিঃস্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি অইন্নাইলাহি রাজিউন)।

মত্যু কালে এ শিক্ষানবীশ আইনজীবীর বয়স হয়েছিল ৩৮ বছর। আবুল কালাম আজাদ সাহেবনগর গ্রামের আব্দুল হান্নানের ছেলে। মরদেহ নিজ বাড়িতে আনার পর বিশেষ ব্যবস্থায় আজ সন্ধ্যায় দাফন হবে বলে পারিবারিক ভাবে সাংবাদিকদের নিশ্চিত করেছেন।

জানা গেছে, আবুল কালাম আজাদ দীর্ঘদিন ধরে কুষ্টিয়া বসবাস করতেন। ইবি সান্ধ্যকালিন এল.এল.এম ৫ম ব্যাচের শিক্ষার্থী ছিলেন। এছাড়াও

কুষ্টিয়া জেলা ও দায়রা জজ আদালতে শিক্ষানবীশ আইনজীবী হিসেবে কাজ করেছেন।

পারিবারিক সুত্রে জানা গেছে, বেশ কিছুদিন আগে তিনি করোনাভাইরাস শনাক্ত হন। কুষ্টিয়ায় চিকিৎসাধীন অবস্থায় তার শারীরিক অবস্থার অবনতি হলে ঢাকায় কোভিড হাসপাতালে পাঠানো হয়। সেখানে কয়েকদিন ধরে মৃত্যুর সাথে পাঞ্জা লড়তে লড়তে অবশেষে জীবনযুদ্ধে হারমানতে হয় তাকে ।

গাংনীতে বিধবাকে যৌন নিপীড়ন চেষ্টায় মামলা

মেহেরপুরের গাংনীর ভাটপাড়া গ্রামে এক বিধবাকে যৌন নিপীড়নের চেষ্টার অভিযোগে মামলা দায়ের করা হয়েছে। গত শুক্রবার রাতে ভুক্তভোগী বিধবা নারী বাদী হয়ে থানায় মামলাটি দায়ের করেন। মামলা নম্বর ১৭।

মামলা সূত্রে জানা গেছে, কয়েকদিন আগে গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের মৃত হারেজ আলির ছেলে দিনমজুর মহির উদ্দিন (৪৫) রাত এগারোটার দিকে প্রতিবেশী এক বিধবা মহিলার ঘরে ঢুকে যৌন নিপীড়নের চেষ্টা চালায়। এসময় ওই বিধবা চিৎকার করলে মহিরউদ্দিন পালিয়ে যায়।

পরের দিন উভয় পক্ষই ঘটনাটি ধামাচাপা দেওয়ার চেষ্টায় উভয় পরিবারের মধ্যে সালিশের আয়োজন করে। দুই পক্ষের রশি টানাটানিতে সালিশ পন্ড হয়ে যাই। বৃহস্পতিবার ওই মহিলা সাহারবাটি বিট পুলিশি এর কাছে একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

বিট পুলিশিং এর এসআই আব্দুর রাজ্জাক, গাংনী থানার এসআই আব্দুল হান্নান সহ কয়েকজন পুলিশ সদস্য গ্রামে গিয়ে ঘটনা যাচাই বাছাই করেন। শুক্রবার রাতে ভুক্তভোগী বিধবা মহিলার লিখিত অভিযোগ আমলে নিয়ে মামলা রুজু করা হয়। ঘটনার দিন থেকে মহির উদ্দিন গা ঢাকা দিয়েছে।

এ বিষয়ে মহির উদ্দিন এর পরিবারের লোকজন জানান, এটি একটি ষড়যন্ত্র। কতিপয় ব্যক্তি আমাদের ক্ষতিগ্রস্ত করার জন্য এই মামলাটি দায়ের করিয়েছেন।

গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম মামলা হয়েছে মর্মে নিশ্চিত করে বলেন,এ মামলায় মহিরউদ্দিন পলাতক রয়েছে তবে তাকে গ্রেফতারের জন্য জোর চেষ্টা চালিয়ে যাচ্ছে পুলিশ।

মেহেরপুর আদালতে এপিপি হিসেবে নিয়োগ পেলেন গাংনীর শাহরিয়ার শাওন

মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের সহকারি পাবলিক প্রসিকিউটর (এপিপি) হিসেবে নিয়োগ পেয়েছেন অ্যাডভোকেট শাহরিয়ার মাহমুদ (শাওন)।

তরুণ এ আইনজীবী গাংনী উত্তরপাড়ার স্বনামধন্য হোমিও চিকিৎসক মাহফুজুর রহমানের (সেন্টু) কনিষ্ঠ পুত্র ও সুলতান মাহমুদের (শান্ত) ছোট ভাই। পেশাগত দক্ষতা আর কর্তব্য পরায়ণতা দিয়ে তিনি অল্প বয়সেই মানুষের মনিকোঠায় জায়গা করে নিয়েছেন।

সরকারি আইনজীবী হিসেবে বৃহস্পতিবার তিনি মেহেরপুর জেলা দায়রা জজ আদালতে যোগদান করেন।

আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ শাহরিয়ার মাহমুদ শাহ সহ ৫ জনকে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের এপিপি হিসেবে নিয়োগ দিয়েছেন।

এডভোকেট শারিয়ার শাওনের এপিপি হিসেবে নিয়োগ পাওয়ার মেহেরপুর জেলার সকল শ্রেণী-পেশার মানুষ অভিনন্দন ও শুভকামনা জানিয়েছেন।